



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

[www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)

নং-বিবিধ/১০০৩

তারিখ : ১৪/০৩/২০১৭


### জরুরি বিজ্ঞপ্তি

বিষয়ঃ শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের শিক্ষা সফর, পিকনিক বা যে কোন দলগত ভ্রমণে যাবার অনুমতি প্রসঙ্গে।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০১৯.১৩.৯৯ তারিখ: ১২/০২/২০১৭খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের শিক্ষা সফর, পিকনিক বা যে কোন দলগত ভ্রমণে যাবার অনুমতি ও করণীয় বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় একটি পরিপত্র জারি করেছে (কপি সংযুক্ত)। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক এ জাতীয় অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে পরিপত্রের নির্দেশনা আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

  
১৪/০৩/২০১৭

ড. মোঃ আশফাকুস সালেহীন  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

ফোন : ৫৮৬১২৪৭৬

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ,  
অত্র বোর্ডের আওতাধীন সকল উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও কলেজ।



সংযুক্তি: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০১৯.১৩.৯৯ তারিখ: ১২/০২/২০১৭খ্রি:।

পরিপত্র

তারিখ: ৩০ মার্চ ১৪২৩ বঙ্গাব্দ  
১২ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০১৯.১৩.৯৯

বিষয়: শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের শিক্ষা সফর, পিকনিক বা যে কোন দলগত ভ্রমণে যাবার অনুমতি প্রদান।

সম্প্রতি লক্ষ করা যাচ্ছে যে, দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের আয়োজনে ছাত্র-ছাত্রীদের শিক্ষা সফর, পিকনিক বা কোন উৎসব অথবা এ জাতীয় কোন আনন্দ ভ্রমণে যাতায়াতের সময় পরিবহনজনিত দুর্ঘটনাসহ বিভিন্ন ধরনের দুর্ঘটনা সংঘটিত হচ্ছে। এ ধরনের অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনা পরিহারের জন্য অধিকতর সতর্কতা অবলম্বন করা প্রয়োজন। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক এ জাতীয় অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে নিম্নরূপ নির্দেশনা আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে:

- ১.১ যে কোন সফরে যাবার পূর্বে জেলা পর্যায়ে হলে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক, উপজেলা পর্যায়ে হলে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার-এর অনুমতি গ্রহণ করতে হবে;
- ১.২ জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার-এ ধরনের অনুমতি প্রদানের ক্ষেত্রে শিক্ষার্থীদের পরিবহনের জন্য ব্যবহৃত গাড়ীর ফিটনেস এবং চালকের ড্রাইভিং লাইসেন্স এর সঠিকতা নিশ্চিত করবেন;
- ১.৩ এ জাতীয় কোন আনন্দ ভ্রমণের স্থান সম্পর্কে পূর্বেই শিক্ষার্থীদেরকে সম্যক ধারণা দিতে হবে;
- ১.৪ ভ্রমণে যাবার পূর্বে শিক্ষার্থীর অভিভাবকের নিকট হতে সম্মতিপত্র গ্রহণ করতে হবে;
- ১.৫ এ সকল অনুষ্ঠানে অংশগ্রহণের সময় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের এক বা একাধিক দায়িত্বশীল শিক্ষক সঙ্গে থাকবেন এবং গাড়ী চালক যাতে গতি নিয়ন্ত্রণে রেখে সাবধানতার সাথে গাড়ী চালান তার প্রতি সতর্ক দৃষ্টি রাখবেন;
- ১.৬ শিক্ষা সফর, পিকনিক বা কোন উৎসব অথবা এ জাতীয় কোন আনন্দ ভ্রমণের জন্য নির্ধারিত স্থানে যাওয়ার পূর্বে স্থানীয় প্রশাসন ও পুলিশ প্রশাসনকে আনুষ্ঠানিকভাবে অবহিত করতে হবে;
- ১.৭ স্থানীয় নিরাপত্তা সংক্রান্ত যে সকল বিধি-বিধান আছে তা সকলকে যথাযথভাবে অনুসরণ করতে হবে;

২.০ বর্ষিত বিষয়ে ইতোপূর্বে জারিকৃত সংশ্লিষ্ট আদেশসমূহ বাতিল বলে গণ্য হবে।

৩.০ এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

তারিখ: ১২.০২.২০১৭

(মোঃ সোহরাব হোসাইন)

সচিব

নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০১৯.১৩.৯৯

তারিখ: ৩০ মার্চ ১৪২৩ বঙ্গাব্দ  
১২ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার জিক্রিতে নয়):

১. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার, ঢাকা
৩. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. ভারপ্রাপ্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা
৬. অতিরিক্ত সচিব (প্রঃ ও জর্গ-উন্নয়ন-কলেজ-বিখ্যেদ্যালয়-মাধ্যমিক (সরকারি-বেসরকারি)), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. কমিশনার, ঢাকা-চট্টগ্রাম-রাজশাহী-খুলনা-বরিশাল-সিলেট-রংপুর-ময়মনসিংহ বিভাগ
৮. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৯. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
১০. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, কাকরাইল, ঢাকা
১১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-রাজশাহী-মুন্সিংগা-সিলেট-বরিশাল-কুমিল্লা-চট্টগ্রাম-দিনাজপুর
১২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা-বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা
১৩. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা-বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা
১৪. মাননীয় সন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১৫. জেলা প্রশাসক ..... (সকল)
১৬. পুলিশ সুপার ..... (সকল)
১৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১৮. উপজেলা নির্বাহী অফিসার ..... (সকল)
১৯. তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২০. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)
২১. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল).....
২২. জেলা শিক্ষা অফিসার ..... (সকল)
২৩. ভারপ্রাপ্ত খানা কর্মকর্তা ..... (সকল)
২৪. অধ্যক্ষ/প্রধান শিক্ষক (পরিপত্রের নির্দেশনা বাধ্যতামূলকভাবে অনুসরণ করার জন্য)।

(সোহরাব হোসাইন)  
যুগ্মসচিব

ফোন: ৯৫৫০৩৪১